যুগান্তর

তারিখ ........................
পৃষ্ঠা ...২০... কলাম ...৪... ......

# শিক্ষামন্ত্রীর অপসারণ চেয়ে লিগ্যাল নোটিশ

যুগান্তর রিপোর্ট

সব পাবলিক পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস বন্ধ করতে ব্যর্থতার জন্য শিক্ষামন্ত্রীর অপসারণ চেয়ে লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। ২৪ ঘণ্টার মধ্যে কোনো কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করলে সংবিধানের ১০২ অনুচ্ছেদ অনুযায়ী হাইকোর্টে রিট দায়ের করা হবে বলে নোটিশে উল্লেখ করা হয়েছে।

বুধবার সুপ্রিমকোর্টের আইনজীবী অ্যাডভোকেট ইউনুছ আলী আকন্দ রেজিস্ট্রি ডাকযোগে এ নোটিশ পাঠিয়েছেন। শিক্ষামন্ত্রীকে নোটিশ এবং রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীকে নোটিশের অনুলিপি পাঠানো হয়েছে।

নোটিশে বলা হয়েছে, প্রশ্নপত্র ফাঁস বন্ধ করতে শিক্ষামন্ত্রী ব্যর্থ। তাই তার পদে থাকার অধিকার নেই। তাকে অপসারণ করে সংবিধানের ৫৬(২) অনুচ্ছেদ অনুযায়ী যিনি সংসদ সদস্য নন, এমন

■ পৃষ্ঠা ১৯ : কলাম ৮

## শিক্ষামন্ত্রীর অপসারণ

(শেষ পৃষ্ঠার পর)

একজন শিক্ষায় অসামান্য দক্ষ ও উচ্চশিক্ষিত নাগরিককে শিক্ষামন্ত্রী করতে হবে।

নোটিশে আরও বলা হয়েছে, সংবিধানের ৫৮(১) (ক) (গ)(২) অনুচ্ছেদ অনুযায়ী বর্তমান শিক্ষামন্ত্রী স্বেচ্ছায় পদত্যাগ করবেন বা প্রধানমন্ত্রী শিক্ষামন্ত্রীকে পদত্যাগ করতে অনুরোধ করবেন বা প্রধানমন্ত্রী রাষ্ট্রপতিকে ওই মন্ত্রীর নিয়োগের অবসান ঘটাবার পরামর্শ দিয়ে ওই মন্ত্রীর নিয়োগ অবসান ঘটাবেন।